



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ০৩.১০.২০২৩

### প্রেস রিলিজ

#### পদার্থ, গণিত ও রসায়ন অলিম্পিয়াডের চূড়ান্ত পর্বে পাবিপ্রবি তৃতীয়

রাশিয়ান এনার্জি প্রতিষ্ঠান রোসাটমের ইভেন্ট ম্যানেজমেন্ট 'এনার্জি অব দ্য ফিউচার'র আয়োজনে পদার্থ, গণিত ও রসায়ন অলিম্পিয়াডে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় তৃতীয় স্থান অর্জন করেছে। গত ৩০ সেপ্টেম্বর ও ২ অক্টোবর বেপজা পাবলিক স্কুল অ্যান্ড কলেজ, ঈশ্বরদীতে চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হয়। এতে পদার্থবিজ্ঞান ক্যাটাগরিতে পাবিপ্রবি'র গণিত বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী মৃত্তিকা ইয়াসমিন তৃতীয় স্থান অর্জন করেন। গণিত ক্যাটাগরিতে ২০১৬-১৭ শিক্ষাবর্ষের গণিত বিভাগের শিক্ষার্থী মো. মোনায়েম হোসেন তৃতীয় স্থান অর্জন করেন।

বিজয়ী শিক্ষার্থীরা আজ মঙ্গলবার (৩ অক্টোবর) বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন-এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. হারুন-অর-রশিদ, পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. খায়রুল আলম এবং গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ড. কামরুজ্জামান খান উপস্থিত ছিলেন। উপাচার্য শিক্ষার্থীদের সাফল্যে খুশি হন এবং তাদেরকে অভিনন্দন জানান।

উল্লেখ্য, ২৪ সেপ্টেম্বর 'প্রিসাইজ এনার্জি'র উপর পদার্থ, গণিত ও রসায়ন অলিম্পিয়াডের প্রথম পর্ব পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়।

বার্তা প্রেরক

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।